শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৭.২০(অংশ-২).১৭১৯

তারিখ: ১৭ কার্তিক ১৪২৯
০২ নভেম্বর ২০২২

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

**বিষয়: চলতি ২০২২-২৩ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।**

মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর অভিপ্রায় অনুযায়ী নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২২-২৩ অর্থ বছরের এডিপি'র আওতায় 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং-২২১০০০৬০০) 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে জেলা পরিষদ, কক্সবাজার এর অনুকূলে (২০.০০+০৫.০০)=২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| ক্র: | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ | জেলা পরিষদ |
|---|---|---|---|
| ১. | কক্সবাজার পৌরসভার ৭ নং ওয়ার্ডের তারাবনিয়ার ছরা কবরস্থান বেস্টনীর অভ্যন্তরে নূরানী মাদ্রাসার ভবন নির্মাণ এবং ঈদের জামাতের মিম্বর মিনার নির্মাণ | ২০(বিশ) লক্ষ টাকা | জেলা পরিষদ, কক্সবাজার |
| ২. | কক্সবাজার জেলার সদর উপজেলার ইসলামাবাদ ইউনিয়নের পাঁহাশিয়াখালী খাইরুল উলুম হাফেজিয়া নুরানী ফোরকানিয়া মাদ্রাসা ও এতিমখানা উন্নয়ন | ৫(পাঁচ) লক্ষ টাকা | |
| | মোট | ২৫(পঁচিশ) লক্ষ টাকা | |

২। এ ব্যয় চলতি ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ০৪ আগস্ট ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩৫৪ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

(১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
(২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী কর্মকর্তা এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

স্বা: ০২/১১/২২

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৮.২০২২.১৭১৯/১(২০)

তারিখ: ১৭ কার্তিক ১৪২৯
০২ নভেম্বর ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃ. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা)
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কক্সবাজার
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার জেলা
১১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
১২. জনাব মুহাম্মদ শফিকুল হক, সভাপতি ও মতোয়াল্লি, তারাবনিয়ার ছরা জামে মসজিদ পরিচালনা কমিটি, ৭ নং ওয়ার্ড, কক্সবাজার পৌরসভা
১৩. জনাব মুহাম্মদ শামশুল ইসলাম, সভাপতি, পাঁহাশিয়াখালী খাইরুল উলুম হাফেজিয়া নুরানী ফোরকানিয়া মাদ্রাসা ও এতিমখানা, সদর, কক্সবাজার

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব

# তারাবনিয়ার ছরা জামে মসজিদ

স্থাপিত ঃ ১৮৯০ খ্রিঃ

তারাবনিয়ার ছরা, পৌরসভা, প্রধান সড়ক, কক্সবাজার।

-৮৮-

সূত্রঃ তারিখঃ ০৮/১০/২০২২ খ্রিঃ

বরাবর
মাননীয় মন্ত্রী মহোদয়
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়
গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ঢাকা।

বিষয়ঃ তারাবনিয়ার ছরা কবরস্থান বেস্টনির অভ্যন্তরে জানাজার মাঠ সংলগ্ন দক্ষিণ পার্শ্বে হিফজখানা, এতিমখানা ও নূরানী মাদ্রাসার নির্মানাধীন ৬ (ছয়) তলা ভবন এবং একই মাঠের পশ্চিম পার্শ্বে মরদেহ/লাশ রাখা ও ঈদের জামাতের মিম্বরসহ মিনার নির্মানের জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদানের আবেদন।

জনাব

যথা বিহিত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই, তারাবনিয়ার ছরা জামে মসজিদ পরিচালনা কমিটি নিয়ন্ত্রিত তারাবনিয়ার ছরা কবরস্থানের জানাযার মাঠ সংলগ্ন দক্ষিন পার্শ্বে নির্মানাধীন ৬ (ছয়) তলা ভবনের নির্মান কাজ আর্থিক সংকটের কারণে আপাতত বন্ধ রয়েছে। যার ফলে বিষয়ে উল্লেখিত হিফজখানা, এতিমখানা ও নূরানী মাদ্রাসার কার্যক্রম শুরু করা যাচ্ছে না। এছাড়া একই মাঠের পশ্চিম পার্শ্বে ঈদের জামাত অনুষ্ঠানের জন্য একটি মিম্বরসহ মিনার নির্মান খুবই প্রয়োজন। উক্ত মিনারে জানাযা পড়ার সময় মরদেহ/লাশ রাখার পরিকল্পনাও অত্র কমিটির রয়েছে।

মহোদয় আর্থিক সংকটের কারণে উল্লেখিত পরিকল্পনা বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় সরকারীভাবে বিষয়ে উল্লেখিত ভবণ ও মিনার নির্মানের জন্য আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

অতএব মহোদয় কৃপা বিতরণে প্রার্থীত আবেদন মঞ্জুর করতে আপনার সদয় মর্জি হউক।

বিনীত নিবেদক-

(মুহাম্মদ শফিকুল হক)
এল্‌এল বি, সি ইন এড
সভাপতি ও মতোয়াল্লি
তারাবনিয়ার ছরা জামে মসজিদ পরিচালনা কমিটি
৭ নং ওয়ার্ড, পৌরসভা, কক্সবাজার।
মোবাইল-০১৭৮৩৪৮৭৯৫৮

সভাপতি ও মতোয়াল্লী
তারাবনিয়ারছরা জামে মসজিদ
পৌরসভা, কক্সবাজার।

মোঃ তাজুল ইসলাম, এমপি
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

-৬৮-

বিছমিল্লাহির রাহমানির রাহিম

# পাঁহাশিয়াখালী খাইরুল উলুম হাফেজিয়া নূরাণী ফোরকানিয়া মাদ্‌রাসা ও এতিমখানা

স্থাপিত ঃ ১৯৬৫ ইংরেজী

ইসলামাবাদ, কক্সবাজার সদর, কক্সবাজার।

সূত্র ঃ কক্সবাজার
তাং ... ...

তারিখ ঃ ১০ - ১০-২০১৫ইং

মাননীয়

মন্ত্রী মহোদয়,
স্থানীয় সরকার বিভাগ,
পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সচিবালয়, ঢাকা।

**বিষয় ঃ পাঁহাশিয়াখালী খাইরুল উলুম হাফেজিয়া নূরাণী ফোরকানিয়া মাদ্‌রাসা ও এতিমখানা নতুন ভবন নির্মাণে আর্থিক সহযোগীতা প্রদান প্রসঙ্গে।**

জনাব,

সবিনয় বিনীত নিবেদন এই যে, আমি নিম্নে স্বাক্ষরকারী কক্সবাজার জেলার আওতাধীন সদর উপজেলার ইসলামাবাদ ইউনিয়নের পাঁহাশিয়াখালী খাইরুল উলুম হাফেজিয়া নূরাণী ফোরকানিয়া মাদ্‌রাসা ও এতিমখানার পরিচালনা কমিটির সভাপতি হই। এটি একটি অতি প্রাচীনতম কক্সবাজার জেলার প্রথম হেফজখানা ও দ্বীনি প্রতিষ্ঠান। বিগত ১৯৬৫ সালে প্রতিষ্ঠিত হয়ে হেফজ খানা সহ পর্যায়ক্রমে মক্তব, নূরাণী ও এতিম খানা বিভিন্ন বিভাগে উন্নীত হয়ে প্রায় ৩০০ তিনশতাধিক শিক্ষার্থী অধ্যয়নরত আছে। তা ছাড়া প্রতি বছর অত্র প্রতিষ্ঠান থেকে কুরআন হেফজ সমাপ্তি করে প্রচুর সুনাম অর্জন করে দেশ-বিদেশে ছড়িয়ে আছে। এলাকার গরীব এতিম অসহায় অসংখ্য শিক্ষার্থীরা বিনা বেতনে কুরআন সমাপ্তি করে বের হয়ে যাচ্ছে। কিন্তু প্রতিষ্ঠানটি অতিপ্রাচীন টিনের ছাউনি সার্বিক অবস্থা জরাজীর্ণ এবং ব্যবহার অযোগ্য হয়ে পড়েছে। এমনকি বর্ষার মৌসুমে বৃষ্টির কারণে সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীদের পাঠদান প্রক্রিয়া মারাত্মকভাবে ব্যাহত হয়। যা চোখে না দেখলে বিশ্বাস হয় না। তাই প্রতিষ্ঠানটি জরুরী ভিত্তিতে ভবন নির্মাণ ও চার পাশের বাউন্ডারী ওয়াল নির্মাণের (৬০X২২) ফুট এবং বাউন্ডারী ২৫০ ফুট) আনুমানিক ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকার প্রয়োজন।

অতএব, মহোদয় বিনীত প্রার্থনা যে, আবেদনের বর্ণিত বিষয়াদি দ্বীনি স্বার্থে, মহোদয়ের আমলে নিয়া জরুরী ভিত্তিতে ভবন পুন:নির্মাণে সরকারী বরাদ্ধ মঞ্জুরীর পক্ষে আপনার সদয় মর্জি হউক।

নিবেদক-

(মাষ্টার মুহাম্মদ শামশুল ইসলাম)
সভাপতি
অত্র প্রতিষ্ঠান।

সভাপতি
খাইরুল উলূম হাফেজিয়া ও ফোরকানিয়া মাদ্রাসা
পাহাঁশিয়া খালী, ইসলামাবাদ, কক্সবাজার।

মোঃ তাজুল ইসলাম, এমপি
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।